

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় - যীশু ও প্রেরিতগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৭. ২. ৬. পিতরের অন্যায়, লোক-ভয় ও ভণ্ডামি!

পবিত্র পুস্তকে পিতরকে অন্যায়কারী, মানুষের ভয়ে সঠিকপথ পরিত্যাগকারী ও ভণ্ড বলে উল্লেখ করা হয়েছে। পল লেখেছেন: "পিতর যখন আন্তিয়খিয়া শহরে আসলেন, তখন তাঁর মুখের উপরেই আমি আপত্তি জানালাম, কারণ তিনি অন্যায় করেছিলেন। ... তাদের কয়েকজন ইয়াকুবের কাছ থেকে আসবার আগে পিতর অ-ইহুদিদের সংগে খাওয়া-দাওয়া করতেন। কিন্তু যখন সেই দলের লোকেরা আসল তখন তিনি তাদের ভয়ে অ-ইহুদিদের সংগ ছেড়ে দিয়ে নিজেকে আলাদা করে নিলেন। এন্টিয়কের অন্যান্য ঈমানদার ইহুদিরাও পিতরের সংগে এই ভণ্ডামিতে যোগ দিয়েছিল। এমনকি বার্নাবাসও তাদের ভণ্ডামির দরুন ভুল পথে পা বাড়িয়েছিলেন ...।" (গালাতীয় ২/১১-১৩, মো.-০৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14393

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন